

স্মারক নং- ৫৯.১৪.০০০০.১০৩.৩১.০০১.২৬.১৪২০

তারিখ: ১৯/০৪/২০২৬ খ্রি:

বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৫-২০২৬ খ্রি. শিক্ষাবর্ষে বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ইউনিটসমূহে ২য় দফায় ঐচ্ছিক মাইগ্রেশন ও অপেক্ষমান তালিকা থেকে শিক্ষার্থী ভর্তি কার্যক্রম গত ১৬/০৪/২০২৬ খ্রি. তারিখে সমাপ্ত হয়েছে। সরকার কর্তৃক নির্ধারিত ভর্তি ও টিউশন ফি এর ১ম কিস্তির প্রদেয় অর্থ সম্পূর্ণ পরিশোধসহ কলেজে ভর্তি সংক্রান্ত যাবতীয় কার্যক্রম আগামী ২৩/০৪/২০২৬ খ্রি. বৃহস্পতিবার বেলা ০১ টার মধ্যে সম্পন্ন করার জন্য শিক্ষার্থীদের নির্দেশ প্রদান করা হলো।

২৩/০৪/২০২৬ খ্রি. বেলা ৪ টার মধ্যে প্রতিটি প্রতিষ্ঠান তাদের ভর্তিকৃত ও অভর্তিকৃত শিক্ষার্থীদের চূড়ান্ত তালিকা ও শূন্য আসনের সংখ্যা স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, পরিচালক (চিকিৎসা শিক্ষা) এবং বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল বরাবর ই-মেইলের মাধ্যমে আবশ্যিকভাবে প্রেরণ করবেন।

৩য় পর্বের মাইগ্রেশনে যে সকল প্রার্থীর কলেজ পরিবর্তন ঘটবে, সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষ পরিশোধকৃত অর্থ এবং ভর্তি সংশ্লিষ্ট কাগজপত্র তাৎক্ষণিক মাইগ্রেশনকৃত কলেজে স্থানান্তর করবেন।

সংযুক্তি: ১ (এক) পাতা।

অধ্যাপক ডা: সাকি মো: জাকিউল আলম
পরিচালক (চিকিৎসা শিক্ষা)
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
ফোনঃ-৪৮৮১১২০০
Email: medicaledu313@gmail.com

অনুলিপি সদয় জ্ঞাতার্থে : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ:- সহকারী পরিচালক, প্রশাসন-১)
- ২। অতিরিক্ত সচিব (চি:শি:), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাপকম, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৪। অতিরিক্ত মহাপরিচালক (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৫। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর/সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রচারের সার্বিক ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ৬। যুগ্ম-সচিব (চি:শি:অধিশাখা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। উপ-সচিব (চি:শি-১/২), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮। রেজিস্ট্রার, বিএমএন্ডডিসি, ২০৩, শহীদ সৈয়দ নজরুল ইসলাম স্বরণী (৮৬, বিজয় নগর), ঢাকা।
- ৯। অধ্যক্ষ, বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ইউনিট -----(সকল)
- ১০। সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ প্রাইভেট মেডিকেল কলেজ ওনার্স এসোসিয়েশন, ঢাকা।
- ১১। সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ বেসরকারি ডেন্টাল কলেজ এসোসিয়েশন।
- ১২। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
চিকিৎসা শিক্ষা-১ শাখা
www.mefwd.gov.bd

নম্বর: ৫৯.০০.০০০০.১৪০.৩২.৩২.২৪.৬৪৯

তারিখ: ২১ কার্তিক ১৪৩১
০৬ নভেম্বর ২০২৪

প্রজ্ঞাপন

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের ১৬.০২.২০২৪ তারিখের ৫৯.০০.০০০০.১৪১.০৬.০০২.২৩.৭৫ এবং ২৮.১২.২০২৪ তারিখের ৫৯.০০.০০০০.১৪০.৩৩.০২৭.২২.৬৭৯ সংখ্যক স্মারকের দ্বারা মোতাবেক বেসরকারি মেডিকেল কলেজ এর এমবিবিএস কোর্সের এবং ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট এর বিডিএস কোর্সের জন্য নির্ধারিত ফি সমূহ নিম্নরূপ:

- (ক) এমবিবিএস ভর্তি ফি: ১৯,৪৪,০০০/- (উনিশ লক্ষ চুয়াল্লিশ হাজার) টাকা;
(খ) বিডিএস ভর্তি ফি: ১১,০০,০০০/- (এগারো লক্ষ) টাকা;
(গ) ইন্টার্নশিপ ফি: ১,৮০,০০০/- (এক লক্ষ আশি হাজার) টাকা;
(ঘ) টিউশন ফি: টিউশন ফি ১০,০০০/- (দশ হাজার) টাকা:

০২। বেসরকারি মেডিকেল কলেজ ও ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিটের শিক্ষার্থীদের নিকট হতে নির্ধারিত ভর্তি ফি, টিউশন ফি ও ইন্টার্নশিপ ফি আদায় পদ্ধতি নিম্নরূপভাবে নির্ধারণ করা হলো:

২.১। ভর্তি ফি ও ইন্টার্নশিপ ফি আদায় পদ্ধতি


ক্রমিক	বিষয়	১ম ধাপ (ভর্তির সময়)	২য় ধাপ (১ম প্রফেশনাল পরীক্ষা সময়)	৩য় ধাপ (৩য় প্রফেশনাল পরীক্ষার সময়)
০১	ভর্তি ফি + ইন্টার্নশিপ ফি	৬০%	২০%	২০%

২.২। নির্ধারিত টিউশন ফি মাসিক ভিত্তিতে আদায় করতে হবে: কখনো একত্রে আদায় করা যাবে না।

২.৩। সরকার নির্ধারিত ফি ব্যতিত অতিরিক্ত অন্য কোনো ফি আদায় করা যাবে না।

০৩। নির্ধারিত ফি আদায় পদ্ধতি ২০২৪-২৫ শিক্ষাবর্ষ হতে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



মোহাম্মদ কামাল হোসেন

উপসচিব

ফোন নং-৫৫১০০৭৩০

e-mail: mel@mefwd.gov.bd

স্মারক নম্বর: ৫৯.০০.০০০০.১৪০.৩২.৩২.২৪.৬৪৯

তারিখ: ২১ কার্তিক ১৪৩১
০৬ নভেম্বর ২০২৪

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১. সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
০২. উপাচার্য, রঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়, ঢাকা/উপাচার্য, বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়, সিলেট/ভাইস-চ্যান্সেলর, চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম/ভাইস-চ্যান্সেলর, রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়, রাজশাহী/ভাইস-চ্যান্সেলর, শেখ হাসিনা মেডিকেল বিশ্ববিদ্যালয়, খুলনা।
০৩. সভাপতি, বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল, বিজয়নগর, ঢাকা।
০৪. সভাপতি, বাংলাদেশ কলেজ অফ ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্, মহাখালী, ঢাকা।
০৫. মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

অপর পৃষ্ঠায় দৃষ্টব্য